

## WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 6th Semester Examination, 2021

## BNGADSE06T-BENGALI (DSE3/4)

Time Allotted: 2 Hours Full Marks: 50

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক। পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

## বিভাগ-ক

১। প্রতিটি একক থেকে *একটি* করে মোট *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে)

## \$0×8 = 80

#### একক-১

(ক) ''সাধারণ ব্রাহ্মসমাজের আহ্বানে (১৩১৫ শ্রাবণ) কলিকাতার মন্দিরে এক ভাষণে তিনি এই প্রশ্ন তুললেন – ভারতের ইতিহাস কাদের ইতিহাস।'' – এই পর্বে কবির ভারত – আদর্শের সমগ্রতাকে উপলব্ধি করবার যে প্রয়াস লক্ষ্য করা যায়, 'রবীন্দ্র জীবনকথা' অনুসরণে তার পরিচয় দাও।

# **\$**0

## অথবা

(খ) ''জন্মোৎসবের পরে কবি আবার য়ুরোপ চলেছেন। এবার যাচ্ছেন ইটালি।'' – ইটালি ভ্রমণের অভিজ্ঞতার সঞ্চয় কীভাবে রবীন্দ্রজীবনীতে স্থান পেয়েছে তার পরিচয় দাও।

## 20

## একক-২

(গ) শান্তিনিকেতন ব্রহ্মচর্যাশ্রমকে কেন্দ্র করে রবীন্দ্রনাথের এই পর্বের শিক্ষাচিন্তার পরিচয় দাও।

## 50

### অথবা

(ঘ) রবীন্দ্র সমকালে কলাভবনের যে-কোনো দুজন শিক্ষকের অবদান সম্পর্কে আলোচনা করো।

## 20

#### একক-৩

(৩) রবীন্দ্রনাথ শ্রীনিকেতনের প্রতিষ্ঠা করে বিজ্ঞানভিত্তিক কৃষির পাশাপাশি দুর্দশাগ্রস্ত গ্রামগুলির পুনর্গঠনের কাজে যে সমস্ত পরিকল্পনা গ্রহণ করেছিলেন তা নিজের ভাষায় লেখো।

## 20

## অথবা

(চ) রবীন্দ্রনাথের সমবায় নীতির মূলসূত্রগুলির পরিচয় দাও।

50

#### একক-৪

(ছ) ছেলেভুলানো ছড়ার সংগ্রাহক হিসাবে রবীন্দ্রনাথের ভূমিকা পর্যালোচনা করো।

50

20

## অথবা

(জ) ''নিম্নসাহিত্য এবং উচ্চসাহিত্যের মধ্যে বরাবর ভিতরকার একটি যোগ আছে'' – রবীন্দ্রনাথের এই উক্তির তাৎপর্য বিশ্লেষণ করো।

## বিভাগ-খ

- ২। যে-কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১৫০ হবে) ৫×২ = ১০
  - (ক) 'রবীন্দ্র জীবনকথা'য় 'হিন্দুমেলার উৎসব' সম্পর্কে কী বলা হয়েছে ? এই প্রসঙ্গে রবীন্দ্রনাথ কোন্ গানটি 8+১ লিখেছিলেন বলে জীবনীকার মনে করেন ?
  - (খ) শান্তিনিকেতন আশ্রমে উদযাপিত যে-কোনো দৃটি উৎসবের পরিচয় দাও। ২.৫+২.৫
  - (গ) শান্তিনিকেতন পল্লী উন্নয়ন পরিকল্পনায় লেওনার্ড এলমহার্স্টের অবদান সংক্ষেপে আলোচনা করো।
  - (ঘ) কবিগানকে রবীন্দ্রনাথ 'নষ্ট পরমায়ু' বলেছেন কেন সংক্ষেপে বিশ্লেষণ করো।
    - **N.B.:** Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.

\_\_\_\_×\_\_\_